‘মন্ট্রিয়লে এক টুকরা বাংলাদেশ’ কানাডায় ৩৬তম ফোবানা সম্মেলন সম্পন্ন

আবুল কাশেম সুমন, মন্ট্রিয়াল কানাডা থেকে: উত্তর আমেরিকার বাংলাদেশি অভিবাসীদের বিশাল মিলনমেলা ফোবানা সম্মেলন। ৩৬তম ফোবানা সম্মেলন ২০২২, অনুষ্ঠিত হলো ৩-৪ সেপ্টেম্বর মন্ট্রিল, কানাডার লাভাল শেরাটন হোটেলে। ফোবানার এইবারের স্লোগান ছিলো ‘মন্ট্রিয়লে এক টুকরা বাংলাদেশ’।

এইবারের ৩৬তম ফোবানা সম্মেলন ২০২২, অনুষ্ঠান সূচিতে ছিলো কাব্য জলসা, Talent Show, সেমিনার, Fashion Show, ফোবানা আইডল, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং আরও অনেক প্রোগ্রম।

ইহাছাড়া ৩৬তম ফোবানার মঞ্চ মাতাতে আরো ছিলেন তাহসান খান, , এস আই টুটুল এবং উত্তর আমেরিকার বিশিষ্ট বাংলাদেশি শিল্পীরা।

বাংলাদেশ সোসাইটি অব মন্ট্রিয়ল আয়োজিত ৩৬তম ফোবানা সম্মেলনের কনভেনর হচ্ছেন এজাজ তৌফিক, মেম্বার সেক্রেটারি অ্যাডমিনিস্ট্রেশন লাবলু আকন এবং মেম্বার সেক্রেটারি অপারেশন মুহিন আহমেদ।

ফোবানা মন্ট্রিল ২০২২, আয়োজক কমিটির পক্ষে ফোবানার সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ড. ইবরুল চৌধুরী জানান যে, মন্ট্রিয়ল সম্মেলন সফল এবং উৎসবে পরিনত হয়েছে। আয়োজক কর্তৃপক্ষ ৩৬তম ফোবানা মন্ট্রিল সম্মেলন ২০২২, অংশগ্রহণের জন্য সবাইকে ধন্যবাদ জানিয়েছেন।